গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
শান্তিগঞ্জ,সুনামগঞ্জ

স্মারক নং-৩৩.০১.০০০০.৯০২৭.৯৯.০২১.২৩-০৯ তারিখ: ১০-০৭-২০২৩খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানোর যাইতেছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির পরবর্তী সাধারণ সভা আগামী ১৩/০৭/২০২৩ খ্রি: তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হইবে আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

১০/৭/২০২৩

(ডা. মোহাম্মদ যোবায়ের হোসেন)
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
মোবাইল নং- ০১৭১৬৭৮৫১২৩

কার্যার্থে অনুলিপিঃ

১. চেয়ারম্যান,উপজেলা পরিষদ , শান্তিগঞ্জ, সুনামগঞ্জ ।

২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , শান্তিগঞ্জ, সুনামগঞ্জ ।

৩. চেয়ারম্যান,......................., ইউ/পি, শান্তিগঞ্জ ।

৪. জনাব ........................., সদস্য ।

৫. অফিস কপি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
শান্তিগঞ্জ,সুনামগঞ্জ

স্মারক নং-৩৩.০১.০০০০.৯০২৭.৯৯.০২১.২৩-১১ তারিখ: ১৩-০৭-২০২৩খ্রি

**মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :**

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার মাসঃ জুলাই/২৩।

সভার তারিখঃ ১৩-০৭-২০২৩খ্রি. সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি: জনাব, নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অদ্য ১৩-০৭-২০২৩ ইং তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির ২০২৩-২৪ অর্থবছরের প্রথম সভা জুলাই/২৩ সভাপতি ভাইস চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে তার অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ডা. মোহাম্মদ যোবায়ের হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ মহোদয় সভাপতির সম্মতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয় সভাকে জানান যে, তিনি জুন/২৩ এ যোগদানের পর প্রথম দায়িত্ব হিসাবে কোরবানীর পশুর হাটে প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে সেবা প্রদানের ব্যবস্থা করেন এবং ০২টি ভেটেরিনারি মেডিকেল টিম কাজ করে সফলভাবে কোরবানী প্রদানে উপজেলবাসীকে সহযোগীতা করে। তিনি সভায় আরও জানান যে, বন্যায় আক্রান্ত ৩৪ জনকে উপজেলা প্রাণিসম্পদ ভবনে আশ্রয় প্রদান করা হয়েছে। তিনি জানান যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কিছু অংশ ধীরে ধীরে মহাসিং নদীর ভাঙ্গানে/মাটি ক্ষয়ের মাধ্যমে ক্ষতিগ্রস্থ হচ্ছে ফলে ৩টি বিল্ডিং এবং সম্পূর্ণ বাউন্ডারী ওয়াল ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এমতাবস্থায় সরকারি সম্পদ রক্ষার্থে উপজেলা পরিষদের সহায়তা কামনা করেন।

উপজেলা মৎস্য কর্মকর্তা শান্তিগঞ্জ, সুনামগঞ্জ মহোদয় জানান বঙ্গবন্ধু মডেল গ্রাম, ডুংরিয়া ও রোকন মিয়া প্রদর্শনী পুকুরে পোনামাছ অবমুক্ত করা হয়।উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় পরিকল্পনামন্ত্রী আলহাজ্ব এম.এ মান্নান মহোদয়।

**সিদ্ধান্ত সমূহঃ**

১। সভাপতি মহোদয় কোরবানীর হাটে সুন্দরভাবে দায়িত্ব পালনের জন্য প্রাণিসম্পদ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২। বন্যার্তদের আশ্রয় প্রদান করায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রশংসা করেন এবং পানি নেমে গেলে তাদেরকে নিজ বসতে ফিরিয়ে নেয়ার সিদ্ধান্ত হয়।

৩। নদীভাঙ্গান রোধকল্পে পানি উন্নয়ন বোর্ডে পত্র প্রেরণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয়কে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

সভাপতি

নূর হোসেন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

কার্যার্থে অনুলিপিঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, ..................... ইউপি।

মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার **উপস্থিতির** বিবরণী :

তারিখঃ ১৩-০৭-২০২৩খ্রি.

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ডা. [illegible] হোসেন | ULO | 01324-290595 | |
| | জনাব লুৎফুর রহমান জায়গীরদার পশ্চিম [illegible] UP, চেয়ারম্যান | | 01718106950 | |
| | জনাব ~~[illegible]~~ রিয়াজুল ইসলাম [illegible] UP, চেয়ারম্যান | | 01729587797 | |
| | জনাব শাহিদুল ইসলাম পাথালিয়া UP, চেয়ারম্যান | | 01799704856 | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |